



অস্ট্রেলিয়ান সরকার

আন্তর্জাতিক কৃষি গবেষণা কেন্দ্র

অস্ট্রেলিয়া

## এশিয়া এবং ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ইঁদুর জাতীয় প্রাণীর গবেষণার মাঠ পদ্ধতিসমূহ

কেন পি. এলিন, পিটার আর. ব্রাউন, জেল. জাকোব,  
চার্লস জে. ক্রেবস এ্যান্ড গ্রান্ট আর. সিঙ্গেলটন



# এশিয়া এক ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ইঁদুর জাতীয় প্রাণীর গবেষণার মাঠ পদ্ধতিসমূহ

মূল রচনা

কেন পি. এপ্লিন, পিটার আর. ব্রাউন, জেমস জেকব,  
চার্লস জে. ফ্রেবস এ্যান্ড গ্রান্ট আর সিনগিলটন



সি এস আই আর ও

আন্তর্জাতিক কৃষি গবেষণা কেন্দ্র  
ক্যানবেরা, অস্ট্রেলিয়া ২০০৩

অনুবাদ

ড: সন্তোষ কুমার সরকার  
কৃষি সংস্কার অধিদপ্তর

এ

কৃষিবিদ মোহাম্মদ হারুন  
এইড - কুমিল্লা।



মূল রচনা	: কেন পি. এপ্রিন, পিটার আর. ব্রাউন, জেন্স জেকব চার্লস জে. জেন্স এ্যান্ড গ্রাউট আর. সিঙ্গেলটন
ভাষাঙ্কর	: ড: সম্ভাষ কুমার সরকার ও কবিবিদ মোহাম্মদ হাকেন
উপদেষ্টামঞ্জলী	: ড: স্টিভেন বেলমেইন, এড্রিন মেয়ার, ড: কেন পি. এপ্রিন, ড: গ্রাউট সিঙ্গেলটন, ড: নাজিরা কোরাইশী কামাল, রোকিয়া বেগম শেফালী
তত্ত্বাবধায়ক	: আবুল কালাম আজাদ
সহযোগিতায়	: আজিজুল হক
প্রকাশনায়	: পরিবেশ সম্মতভাবে রোডেন্ট ব্যবস্থাপনা প্রকল্প, এইড-কুমিল্লা।
আর্থিক সহযোগিতায়	: ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (DFID) যুক্তরাজ্য সরকার
প্রথম প্রকাশ	: ২০০৬
ডিজাইনার	: মোহাম্মদ নাজমুল হাছান
কম্পোজ	: জুয়েল
মুদ্রণে	: মুনী আর্ট হোস, শুবান চৌধুরী পাড়া, যোগেশটুলী, কুমিল্লা।

### যোগাযোগের ঠিকানা :

### এইড-কুমিল্লা

গ্রাম	: রঘুপুর,
ডাক	: রাজাপাড়া,
ইউনিয়ন	: জগন্নাথপুর
উপজেলা	: সদর কুমিল্লা
	: কুমিল্লা-৩৫০০, বাংলাদেশ
ফোন নম্বর	: ০০৮৮-০৮১-৭২০০৩, ০০৮৮-০৮১-৭১২৮৭, ০০৮৮-০৮১-৭১২৮৮
ফ্যাক্স	: ০০৮৮-০৮১-৬২৪৪৪
ই-মেইল	: aldazad@bttb.net.bd, aid-comilla@bdonline.com

## সূচনা (Contents)

আমাদের কথা.....	০৭
অধ্যায়-০১: কেন ইঁদুরের পপুলেশন অধ্যয়নের প্রয়োজন .....	০৮
ভূমিকা .....	০৮
ইঁদুর জাতীয় প্রাণী একটি কালহী প্রজাতি .....	০৮
ইঁদুর জাতীয় প্রাণী একটি উপকারী প্রজাতি .....	০৮
পরিবেশ সম্মতভাবে ইঁদুর জাতীয় প্রাণীর ব্যবস্থাপনা .....	০৯
ধাপ-০১ : সমস্যার সংজ্ঞা .....	১০
ধাপ ০২ : পরিনেপপত এবং ঐতিহাসিকগত সমীক্ষাসমূহ .....	১১
ধাপ-০৩ : ব্যবস্থাপনা হনোনয়নের শর্তা এবং পরীক্ষা .....	১১
এ পুস্তকের উদ্দেশ্য এবং পরিধি .....	১২
পুনরায় পড়া .....	১৩
অধ্যায়-০২: মাঠ সমীক্ষাসমূহের নকশা .....	১৪
ভূমিকা .....	১৪
পরীক্ষা নকশার সাধারণ নীতিসমূহ .....	১৪
প্রকৃত এবং প্রধান জনসংখ্যক সনাক্তকরণ .....	১৫
পরীক্ষা এককসমূহের আকার .....	১৫
পরীক্ষাসমূহের সময়কাল .....	১৬
নিরূপণসমূহের অর্জনভুক্তি .....	১৬
পুনরাবৃত্তি .....	১৭
দৈবায়িতকরণ এবং বিচ্ছিন্নকরণ .....	১৮
দৈবায়িতকরণ .....	১৮
বিচ্ছিন্নকরণ .....	১৮
সংক্ষেপ .....	১৯
পুনরায় পড়া .....	১৯
অধ্যায় -০৩ ইঁদুর জাতীয় প্রাণী আটক ও হস্তগত .....	২০
ভূমিকা .....	২০
আটক পদ্ধতিসমূহ .....	২০
ফাঁদের প্রধান প্রকারের .....	২১
ফাঁদসমূহ পরীক্ষা এবং পবিষ্কার করা .....	২৩
ফাঁদ এবং টোপের ইলিপ্ত সজ্জাদানের তুলনা .....	২৫
নিবাস সজ্জাসমূহ .....	২৬
ফাঁদের কাজ এবং গণসংখ্যা .....	২৬
একটি বন্দী রোডেন্টকে পরিচালনা .....	২৮
মনগহীনভাবে মুক্ত পটানোর পদ্ধতিসমূহ .....	৩৫
স্থানসংযোগ .....	৩১
ক্রীড়া স্থানচ্যুতি .....	৩২
নিরাপত্তা বিষয়সমূহ .....	৩২
ইঁদুর এবং মাইস খাদ্য খানবসেহে রোগের বিস্তার .....	৩২
পুনরায় পড়া .....	৩৩



অধ্যায়-০৪: ইঁদুর জাতীয় প্রাণীর (ট্যান্ড্রোনোমি) এবং সনাক্তকরণ	৩৪
ভূমিকা	৩৪
মৌলিক শ্রেণীকরণ সূত্রাবলীর (ট্যান্ড্রোনোমি) ধারণাসমূহ	৩৫
বৈজ্ঞানিক এবং সাধারণ নামের অর্থ	৩৫
এককসমূহের শ্রেণীবিভাগ	৩৬
প্রজাতি চিহ্নিতকরণে অংশগ্রহণশীল এবং জীন পদ্ধতি	৩৬
সংগ্রহকৃত নমুনাসমূহের প্রমাণপত্র	৩৭
ভেজা নমুনাসমূহ	৩৭
তকনা নমুনাসমূহ	৩৮
এশিয়ার ইঁদুর জাতীয় প্রাণীদের প্রধান দলসমূহ	৩৮
নিউরিড রোডেন্টসমূহ বনাসংস্করণ	৪০
একটি ইঁদুর জাতীয় প্রাণীর বয়স এবং লিঙ্গ নির্ণয়	৪০
পরিমাপন করা	৪২
অণুয়ুক্ত বৈশিষ্ট্যসমূহ	৪৪
পুনরায় পড়া	৫৭
অধ্যায়-০৫: পপুলেশন সমীক্ষাসমূহ	৫৮
ভূমিকা	৫৮
আধিক্যের আপেক্ষিক গণনা	৫৯
ফাঁদ সফলতা	৫৯
ট্র্যাপিং টাইমসমূহ	৬০
গণনা কাঠামুসমূহ	৬০
গর্ত গণনা	৬১
দৃষ্টি নির্ভর গণনাসমূহ	৬২
আধিক্য আপেক্ষিক গণনার ক্রমান্বয়	৬২
পপুলেশন আকারের পরিমাপসমূহ	৬২
মাত্রপাতি	৬৩
চিহ্নিতকরণ কৌশলসমূহ	৬৪
ক্যাপচার-মার্ক-রিডিজ উপাণ্ড হতে পপুলেশন আকার গণনা	৬৬
পুনরায় পড়া	৬৮
অধ্যায়-০৬: ইঁদুর জাতীয় প্রাণীদের পুনরুৎপাদন এবং ক্রমবৃদ্ধি	৬৯
ভূমিকা	৬৯
মৌলিক প্রজনন অংগব্যবচ্ছেদ	৬৯
পুরুষ প্রজনন অংগ	৬৯
স্ত্রী প্রজনন অংগ	৭০
গর্ভধারণ এবং এনাম্ব্রিওন	৭১
ট্রাইমেস্টার-০১	৭২
ট্রাইমেস্টার-০২	৭২
ট্রাইমেস্টার-০৩	৭২
জন্মোত্তর ক্রমবৃদ্ধি এবং পূর্ণতা স্থাপ্তি	৭৪
বোন পরিপক্বতার উপনীত হওয়া	৭৬
জীবনকাল এবং রজোনির্বাতি	৭৬
বাহ্যিক বৈশিষ্ট্য হতে পুনরুৎপাদন সক্রিয়তা নির্ণয়	৭৬
অভ্যন্তরীণ বৈশিষ্ট্য হতে পুনরুৎপাদন সক্রিয়তা নির্ণয়	৭৮

পুনঃপাদনের কী নির্ধারকসমূহ.....	৮১
প্রজনন মৌসুম অবস্থ এবং বিস্তৃতি.....	৮১
পূর্ণবয়স্ক স্ত্রীসমূহের প্রজনন অবস্থায় শতকরা হার.....	৮১
এক মৌসুমের মধ্যে পূর্ণবয়স্ক স্ত্রীসমূহের বচ-লিটার উৎপাদন হার.....	৮২
গড় লিটার আকার.....	৮২
মা ছাড়ানোর পূর্মে মৃত্যুর হার.....	৮২
পুনঃপাদন তথ্য লিপিবদ্ধকরণ.....	৮২
পুনরায় পড়া.....	৮৩
<b>অধ্যায়-০৭: অবস্থান পরিবর্তন (গতিবিধি)এর সমীক্ষাসমূহ</b> .....	৮৪
ভূমিকা.....	৮৪
কিছু মৌলিক ধারণাসমূহ.....	৮৪
অবস্থান পরিবর্তন সমীক্ষার কৌশলসমূহ.....	৮৫
আটক-চিহ্নিতকরণ-ফাঁদ অব্যাহতি.....	৮৫
স্পুল-এন্ড-লাইন পদ্ধতিসমূহ.....	৮৫
রেডিও-ট্র্যাকিং.....	৮৬
টোপ চিহ্নিতকারীসমূহ.....	৯৫
পিআইটি ট্যাগসমূহ.....	৯৭
পুনরায় পড়া.....	৯৯
<b>অধ্যায়-০৮: রোগ সমীক্ষার কৌশলসমূহ</b> .....	১০১
ভূমিকা.....	১০১
হেলমিনথ.....	১০২
হেলমিনথসের প্রধান গ্রুপসমূহ.....	১০২
কোথায় এবং কিভাবে হেলমিনথসমূহ পর্যবেক্ষণ কবাবেন.....	১০৪
হেলমিনথ সংক্রমণ পরিমাপসমূহ.....	১০৬
হেলমিনথের নমুনাসমূহ সংরক্ষণ.....	১০৬
ভাইরাস এবং অসুস্থীকরণ রোগসমূহ.....	১০৭
রোগের নমুনাসমূহ সংগ্রহ এবং প্রক্রিয়াকরণ.....	১০৮
নমুনাসমূহ ঠান্ডা ও শুষ্ককরণ.....	১১৩
ইদুর জাতীয় প্রাণীর রোগ সংবেদনশীল জন্য নমুনার নক্সা.....	১১০
রোগ নির্ণয়ের উপটিমাম নমুনার আকার.....	১১০
আনুক্রমিক নমুনা ( নমুনা আকার স্থিরকৃত নয়).....	১১১
পুনরায় পড়া.....	১১২
<b>অধ্যায়-০৯: শস্যের ক্ষতি এবং ফলনের লোকসান নির্ণয়</b> .....	১১৩
ভূমিকা.....	১১৩
ক্ষতি পরিমাপের পদ্ধতিসমূহ.....	১১৪
ক্ষতি সময়.....	১১৪
সম্পদ সংক্রান্ত ক্ষতির বন্টন.....	১১৪
বপন/রোপনের ক্ষতি নির্ণয়.....	১১৬
দানাদার শস্যের বিশুদ্ধ জরসমূহের ক্ষতি নির্ণয়.....	১১৮
দৈবচরিত এবং গুণদিন্যাস দৈবচরিত নমুনা.....	১১৯
শ্যাকসজী এবং উচ্চমির শস্যের ক্ষতির পরিমাপ.....	১২১
কর্তৃকপূর্ব ফলনের লোকসান নির্ণয়.....	১২৪
কর্তৃকপূর্ব ক্ষতি এবং লোকসান নির্ণয়.....	১২৪
রোভেন্টের আধিক্য এবং রোভেন্টের ক্ষতির মধ্যে সম্পর্ক.....	১২৮



পুনরায় পড়া .....	১৩১
অধ্যায়-১০: রোডেট (ইদুর জাতীয় প্রাণী) ব্যবস্থাপনা সমীক্ষায় “মানবীয় গুণনীয়ক” .....	১৩২
ভূমিকা .....	১৩২
একটি ধারণায়িত নির্মান কাঠামো .....	১৩২
কয়েকটি মৌলিক স্থিতিস্থাপক এবং পদ্ধতিসমূহ .....	১৩৩
কমিউনিটি সম্পদের মানচিত্রসমূহ .....	১৩৪
মৌসুমী পরিবর্তনসমূহ .....	১৩৫
ঐতিহাসিক পরিবর্তনসমূহ .....	১৩৬
সিদ্ধান্ত-বিশ্লেষণ যৌক্তিক .....	১৩৬
সামাজিক মানচিত্র এবং সম্পদের বিশ্লেষণ .....	১৩৮
সমস্যা-বন্ধন রেখাচিত্রসমূহ .....	১৩৯
স্বতন্ত্র কাঠামোগত ব্যাখ্যাকার এবং স্কেপিং প্রণালীসমূহ .....	১৪১
ইতোপূর্বের পাঠসমূহ হতে প্রয়োজনীয় কিছু সংশোধন .....	১৪২
প্রধান আর্থসামাজিক গুণনীয়কসমূহ যা নতুন পদ্ধতিগুলো গ্রহণকে প্রভাবিত করে .....	১৪২
কমিউনিটি কর্মোদ্যোগের গুরুত্ব এবং সাধারণ বিষয়সম্পত্তিসমূহ .....	১৪৩
পুনরায় পড়া .....	১৪৫
অধ্যায়-১১: প্রধান দালাই প্রজাতির পর্যালোচনা .....	১৪৬
ভূমিকা .....	১৪৬
শেখীকপনের সুস্বাদুলীক কী ব্যবহার .....	১৪৬
মাঠের কালো ইদুর .....	১৪৭
মাঠের বড় কালো ইদুর .....	১৫২
মাদা-দাত বিশিষ্ট ইদুর .....	১৫৬
বালিশ ইদুর .....	১৫৯
বাটো-লেজযুক্ত দান মাঠের নেংটি ইদুর .....	১৬১
বাতি/ সলই/নেংটি ইদুর .....	১৬৫
বাটো মাঠের সলই/নেংটি ইদুর .....	১৬৮
ছোট-লেজযুক্ত-মোণ-ইদুর .....	১৭১
প্যাসিফিক ইদুর .....	১৭৩
হিমালয়ান ইদুর .....	১৭৬
নরগণে বা বাঙ্গালী ইদুর .....	১৭৯
গেছো ইদুর /পবেব ইদুর/ কালো ইদুর .....	১৮২
চিকা/ ছোটো .....	১৮৭
বাংলাদেশের পূর্ণবয়স্ক স্বতন্ত্র ইদুর জাতীয় প্রাণীর (রোডেট) বাসাই এর কী .....	১৯১
পরিশিষ্ট-০১      ট্র্যাপিং উপাত্ত সিট এবং ট্র্যাপিং উপাত্ত সিট কোড নম্বর .....	১৯৩
পরিশিষ্ট-০২      প্রজনন উপাত্ত সিট এবং প্রজনন উপাত্ত সিট কোড নম্বর .....	১৯৫
পরিশিষ্ট-০৩      মূত্রিয়াল তাবিবেধ টেবিল .....	১৯৭
পরিশিষ্ট-০৪      দানা সংস্কার ক্ষতিব উপাত্ত সিট এবং হিসাবের উদাহরণ .....	১৯৮

## আমাদের কথা

পরিবেশসম্মতভাবে ইঁদুর জাতীয় প্রাণীর ব্যবস্থাপনা প্রকল্পটি বাস্তবায়নকালীন সময়ে আমরা বাংলায় একটি গবেষণা সহায়ক পুস্তিকা তথা প্রশিক্ষণ ম্যানুয়্যাল এর প্রয়োজনীয়তা অনুভব করেছি। কিন্তু এ পর্যন্ত বাংলাদেশে এ ধরনের গবেষণা সহায়ক পুস্তিকা আমাদের জানামতে প্রকাশিত হয় নাই।

প্রকল্পের সাথে জড়িত আন্তর্জাতিক উপদেষ্টাগণ ইংরেজী ভাষায় সারা বিশ্বের গবেষণা কর্মী, সম্প্রসারণকর্মী, ছাত্র, শিক্ষক, সকলের উপযোগী করে এ ম্যানুয়্যালটি প্রকাশ করেছেন। যেখানে বাংলাদেশের ইঁদুর জাতীয় প্রাণীর উপর গবেষণালব্ধ তথ্যাদি সন্নিবেশিত করা হয়েছে।

বাংলা ভাষায় অনুবাদের দূরত্ব ও কঠিন কাজটি করেছেন ড. সন্তোষ কুমার সরকার, মৃশা প্রশিক্ষক, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরে-ই-বাংলা নগর, ঢাকা এবং কৃষিবিদ মোহাম্মদ হারুন, টিম লিডার/গবেষণা কর্মকর্তা, রোডেন্ট ব্যবস্থাপনা প্রজেক্ট, এইড-কুমিল্লা। এ প্রকাশনার কলবের বৃদ্ধির প্রয়াস বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠানের সকল পর্যায়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণ গুরুত্বপূর্ণ তথ্য প্রদত্ত বাংলায় অনুবাদে সহায়তা করেছেন তাঁদেরকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি।

আলোচ্য গ্রন্থে প্রধান প্রধান ক্ষতিকর ইঁদুর জাতীয় প্রাণীর লাগসই দমন ব্যবস্থাপনা সম্পর্কে বিশদভাবে আলোচনা করা হয়েছে।

এ প্রচেষ্টা বাংলাদেশে যারা ইঁদুর জাতীয় প্রাণী নিয়ে গবেষণা করতে আগ্রহী বিশেষভাবে বিভিন্ন গবেষণা ইনস্টিটিউট এর গবেষকবৃন্দের সহায়ক হবে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের ইঁদুর জাতীয় প্রাণী সম্পর্কে অধিক জানার ও জ্ঞান বৃদ্ধির সহায়ক হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ ও সম্প্রসারণ কর্মী এবং বেসরকারী প্রতিষ্ঠানের বিশেষ করে যারা ইঁদুর জাতীয় প্রাণীর ব্যবস্থাপনার সহিত জড়িত তাঁদের জ্ঞান বৃদ্ধির সহায়ক হবে বলে আমরা আশা করছি। শস্য উৎপাদনের সাথে যারা প্রত্যক্ষভাবে জড়িত তাঁরা এ বইটি পড়ে উপকৃত হলে প্রয়াস সার্থক হবে।

রোকেয়া বেগম শেফালী

নির্বাহী পরিচালক

এইচ-কুমিল্লা, বাংলাদেশ।

ড. নাজিরা কোরাইশী কামাল

পরিচালক গবেষণা

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

ও

ইন কার্গি কো-অর্ডিনেটর

ইঁদুর ব্যবস্থাপনা প্রকল্প।



## প্রথম অধ্যায়

# কেন ইঁদুর জাতীয় প্রাণীর পপুলেশনের সমীক্ষার প্রয়োজন? Why study rodent populations?)

### ভূমিকা (Introduction)

জগৎপালী প্রাণীর মধ্যে রোডেন্ট একটি প্রধান দল। সারা পৃথিবীতে ২৭০০টির অধিক ইঁদুর জাতীয় প্রাণীর প্রজাতি আছে। বাস্তবে পৃথিবীর সকল জগৎপালী প্রজাতির মধ্যে শতকরা ৪২ ভাগ ইঁদুর জাতীয় প্রাণী। এদের দুই-তৃতীয়াংশ জীবিত রোডেন্ট প্রজাতি মিউরিডি (Muridae) পরিবারের অন্তর্গত। এশিয়ার অধিকাংশ ক্ষতিকারক অথবা ক্ষতিকারক নয় এমন রোডেন্ট প্রজাতি এ পরিবারের অন্তর্গত।

রোডেন্ট পাকৃতিক পরিবেশের বৃহৎ এলাকা দখল করে আছে। যেমন- বনজ ও জাগাছ ভূমি, মানুষের কৃষিক্ষেত্র, গ্রাম এবং শহর। বেশিরভাগ রোডেন্ট অধিক পরিমাণে বংশ-বিস্তার করতে পারে। এ সকল প্রাণী বন ও অন্যান্য তাৎপর্যপূর্ণ পরিমাণে জৈব পদার্থ প্রদান করে থাকে। খাদ্যচক্র এরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাতে যেমন উদ্ভিদ, চরাক ও এদের চেয়ে বড় পরভোজী প্রাণীদের প্রধান খাদ্যের উৎস। এরা পরিবেশের গুরুত্বপূর্ণ সংকীর্ণতা হিসেবে রেণু ও বীজ বিতানে সাহায্য করে এবং গর্ত খুঁড়ার কার্যবলী দ্বারা মাটির বায়ু সনাক্ত বৃদ্ধি করে এবং জল জোঁক ক্ষেত্রে এদের অধিক পরিমাণ কার্যকলাপের ফলে ভূমির প্রকৃতি সম্পূর্ণরূপে পরিবর্তন করে ফেলতে পারে যেমন বিস্তারন (Heavens)। পরিবেশের এ সকল উপকারিতাকে অনেক সময় পরিবেশের সেবাও বলা হয়।

অল্প সংখ্যক রোডেন্ট প্রজাতি সফলভাবে মানুষের বাগান, মঠ, গ্রাম এবং শহরে ঝাপ-খাওয়াতে পোয়েছে। দুর্ভাগ্যজনকভাবে এ সকল পরিবেশ সৃষ্টিকারী ইঁদুরকে মানুষ অন্য দৃষ্টিতে দেখে থাকে। বাস্তবে সমাজের সব মানুষ, বসতিবাহী এবং মাঠের রোডেন্টকে বালাই অথবা শস্যাদির ক্ষতিকারক প্রাণ হিসেবে মনেচনা করে থাকেন। কারণ রোডেন্ট মাঠের ফসল খেতে, চর্ড়িয়ে ছিটিয়ে নষ্ট করে এবং শস্য গর্তে বসায় করে থাকে। তারা বাসা-বাড়ীর ভিতরপত্র নষ্ট করে। এমনকি দালানকেটা ও রাস্তাঘাটের ব্যাপক ক্ষতি সাধন করে। নানা প্রকার মাথা ছড়ক রোগজীবাণুর বিস্তারে এরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

### ইঁদুর জাতীয় প্রাণী একটি বালাই প্রজাতি (Rodents as pest species)

রোডেন্ট (ইঁদুর জাতীয় প্রাণী) খাদ্যপরিবেশের তিনভাবে ক্ষতি করে থাকে। প্রথমতঃ মাঠের কৃষিক্ষেত্র খেয়ে; দ্বিতীয়তঃ জন্মস্থান খাদ্য-শস্য ভোগ ও নষ্ট এবং কলুষিত করে। তৃতীয়তঃ এরা মানুষ এবং পশুপাখির মারাত্মক রোগজীবাণু বহন করে। এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে কৃষি উৎপাদনের ক্ষেত্রে রোডেন্ট একটি প্রধান সমস্যা। এ অঞ্চলে পৃথিবীর দুই তৃতীয়াংশ দারিদ্র মানুষ বাস করে (প্রায় ৮০০ শস্য মণ্ডলঃ ২০০১) এবং এদের অধিকাংশই গ্রামাঞ্চলে বসবাস করে। তাই এ কৃষি অঞ্চলের দারিদ্রতা দুর্ভিক্ষের জন্য রোডেন্ট ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এশিয়াতে রোডেন্ট দ্বারা ধান-শস্যের ক্ষয়ক্ষতি প্রস্তাবের চিত্র (graphic impact) একটি প্রধান উদাহরণ। রোডেন্ট দ্বারা প্রতিবছর কর্তনপূর্ব ধান-শস্য উৎপাদনের শতকরা ৫-১০ ভাগ ক্ষতি হতে থাকে। অনেক এলাকায় রোডেন্টের আক্রমণে শস্যের ব্যাপক ক্ষতি হয় অথবা শস্য সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়ে থাকে। ১৯৫০-৬০ শস্যের ক্ষয়ক্ষতি অনেক এলাকায় কর্তনপূর্ব ক্ষয়ক্ষতির সমান অথবা বেশি হয়ে থাকে। আবার কর্তনোত্তর দানা শস্যের শতকরা ২০ ভাগ রোডেন্ট দ্বারা ক্ষতি হওয়া বৈচিত্র্য নহে। পৃথিবীর শতকরা ৯০ ভাগ ধান-শস্য এশিয়াতে উৎপন্ন এবং খাওয়া হয়। যদি রোডেন্ট দ্বারা ধানশস্যের ক্ষতি শতকরা ৫ ভাগ কমানো সম্ভব হয়, তবে ইন্দোনেশিয়ার জনসংখ্যার জন্য এক বছরের পর্যাপ্ত খাদ্য সরবরাহ করা সম্ভব হবে (২ কোটি ১০ লাখ মানুষ ধানের উপর নির্ভরশীল, যাদের দৈনিক শতকরা ৬৫ ভাগ ক্যালোরি পূরণ করে)।

### ইঁদুর জাতীয় প্রাণী একটি উপকারী প্রজাতি (Rodents as beneficial species)

দল বছরের তথ্যগুণে যে সব পোকামাকড় ক্ষতিকারক তবে তাদের সমন্বিত বালাই ব্যবস্থাপনায় গুরুত্ব প্রদান করা হয়েছে তাই বৈজ্ঞানিক উপায়ে এমন পোকামাকড় সনাক্তকরণের প্রচেষ্টা চালানো হচ্ছে। ক্ষতিকারক নহে এমন পোকাকে উপকারী পোকা হিসেবে অভিহিত করা হয়। কারণ একা শিকার করে অথবা ক্ষতিকারক পোকার প্রজাতির সঙ্কীর্ণ জীবনচক্রের মাধ্যমে উপকার করে। এসব পোকা শস্যের পরাণায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। আমরা এ অঞ্চলের প্রায় তৎপরিমাণে বিদেশের মাধ্যমে পেয়েছি যে, বহু শতকরা ৫-১০ ভাগ রোডেন্ট প্রজাতি কৃষির প্রধান ক্ষতিকারক বালাই (সারণী ১.১)।

রোডেট নিয়ন্ত্রণের জন্য সাধারণত যে সব পদ্ধতি প্রয়োগ করা হয়, তা দ্বারা বাস্তব ক্ষতিকারক নহে এমন প্রজাতির কোন ক্ষতি না হয়, সেমিকে খেয়াল রাখতে হবে। যে কোন দমন কার্যক্রম গ্রহণের সময় ক্ষতিকারক নহে এমন রোডেট প্রজাতির সংরক্ষণের ব্যবস্থা এখনই রাখা উচিত। উদাহরণ হিসেবে বলা যায় যে দুর্ভেদ প্রজাতির পেছো ইঁদুর লাউস (Laos) এর উঁচু ভূমির ধান ক্ষেতের পাশে অনেক সময় ধরা পড়ে যদি কৃষকগণ ধানক্ষেতের চারিধারে সুনির্দিষ্ট রোডেট নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ না করেন, তবে ক্ষতিকারক নহে এমন প্রজাতি ক্ষতিগ্রস্ত হতে পারে।

উন্নয়নশীল দেশে ক্ষতিকারক নহে এমন রোডেট প্রজাতির সংরক্ষণের চিন্তাধারা'র বিস্তার ঘটানো অত্যন্ত কঠিন। বহু কৃষকের ঐচ্ছিকভাবে রোডেট সম্পর্কে চিন্তাধারা হলো 'মৃত ইঁদুরই একমাত্র ভাল ইঁদুর'। খাদ্যে এ চিন্তাধারা'র পরিবর্তন ঘটানো সম্ভব; কিন্তু এজন্য ক্ষতিকারক নহে এমন প্রজাতির রোডেটের উপকারী নিকটস্থের উদাহরণ পরিষ্কারভাবে খাদ্যের নিভেট কুলে ধরতে হবে। যে কোন কৃষি-পরিবেশে কিন্তু কিন্তু প্রজাতির রোডেট সনাক্ত করা ই সেই পরিবেশের অবস্থা সাধারণ বা জল তা নির্দেশই (Indicate) করে গ্রহণ প্রজাতিতে নির্দেশক প্রজাটিকে হিসেবে অভিহিত করা হয়। প্রজাতির নির্দেশক ধারণা ব্যাপকভাবে ভূমির সৌন্দর্যের নির্দেশক হিসেবে পাখির প্রজাতি ব্যবহার করা হয়। কৃষি জমির ক্ষেত্রে রোডেট এবং অন্যান্য সিতেন্টারী (Sedentary) প্রাণী স্থায়ী হতে অঞ্চল পর্বতের উন্নত পরিবেশের নির্দেশনা দিয়ে থাকে।

সারণী ১.১

বিভিন্ন ভূভাগিক অঞ্চলের রোডেটসি' (Rodentia) কর্তৃক সংগঠিত জাতীয় প্রজাতি, যদি ক্ষেত্র তাৎপর্যপূর্ণ বাসই হিসেবে বিবেচ্য এবং এদের সংরক্ষণ মর্ফিদা ইন্ডেক্সপূর্ণ (বিশাল, পকেটপূর্ণ অথবা সংবেদনশীল) অথবা জাতীয় বৃদ্ধি পর্যায়ে রয়েছে, সংরক্ষণ মর্ফিদার তথ্য ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ নেচার গ্রাউ নেচারাল রিসোর্স (IUCN) ওয়েবসাইট (<http://www.redlist.org>)। (Based on Singleton et al., 2003a.) ইতিতে সঙ্গ্রহ করা যাবে :

অঞ্চল অথবা দেশ	রোডেট প্রজাতির সংখ্যা	সর্বোচ্চ ক্ষতিকারক রোডেট প্রজাতির সংখ্যা	সময় পদ্ধতিতে তাৎপর্যপূর্ণ বাসই প্রজাতির সংখ্যা	সংরক্ষণ মর্ফিদা বৃদ্ধিপূর্ণ প্রজাতির সংখ্যা	অল্প জ্ঞান
আফ্রিকা	৩৮১	৭৭	১২-২০	৬০	১১
অস্ট্রেলিয়া	৬৭	৭	৪	১৪	১
ইউরোপ	৬১	১৬	৫	৪	০
এশিয়া	১২৮	১৮	১২ (৫ বাসই বিদ্যমান, ৭ সংরক্ষিত বিদ্যমান)	২১	১
ইন্দোনেশিয়া (পাপুয়া ব্যতীত)	১৬৪	২৫ +	১০	১১ +	২৫ +
লাউস	৫০	১২ +	৪-৮	৪	১৪ +
দক্ষিণ আফ্রিকা (পপুলেশন + পাপুয়া: মালয়েশিয়ার দ্বীপ ব্যতীত)	৭০	১০ +	৬	০	১ +

পরিবেশসম্মতভাবে ইঁদুর জাতীয় প্রাণীর ব্যবস্থাপনা (Ecologically based rodent management)

উন্নয়নশীল দেশসমূহে ১৯৯০ সনের শেষের দিক হতে রোডেট (ইঁদুর জাতীয় প্রাণীর) নিয়ন্ত্রণের ক্ষেত্রে পরিবেশসম্মত ব্যবস্থাপনা'র ধারণা জেরালাভাবে শুরু হয়েছিল। এ ধারণার মূল উদ্দেশ্য রোডেট নিয়ন্ত্রণের মিশ্রিতিক (Combine basic) এবং ফলিত ব্যবস্থাপনার সমন্বয়ে রোডেট পপুলেশন ইকোলজি এবং কৃষি-বাস্তুতন্ত্রের (Agro-ecosystem) ওপর দৃষ্টি রেখে ব্যবস্থাপনা গ্রহণ করা। এ ধারণার কার্যকরিতা কৃষির ক্ষয়ক্ষতি হ্রাস রাখার সহায়ক এবং পরিবেশের উপর অল্প প্রভাব ফেলতে পারে। কার্যকর সমন্বিত ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য প্রত্যেক রোডেট প্রজাতির ইকোলজি জানা প্রয়োজন; যাঁরা পরস্পরিতত্ত্ব আমাদের রোডেট পপুলেশন এবং ইকোলজি জানতে সক্ষমতা করবে।



আমাদের অভিজ্ঞতা হতে বলতে পারে যার যে পরিবেশ সম্মতভাবে ইদুর ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকরী উন্নয়ন একটি শিক্ষণচক্র বা পর্যবেক্ষণ, ক্ষরমূল্যায়ন এবং ওপনপ্রকল্প পরীক্ষা ইত্যাদি পর্যায়ক্রমিক ধাপ এবং পরবর্তীতে পর্যবেক্ষণ অথবা পরীক্ষা-নিরীক্ষা করণের মাধ্যমে প্রত্যেকটির কার্যকারিতা সম্পর্কে জ্ঞানভাণ্ডার তৈরি। একই পরিবর্তনশীল এবং প্রতিক্রিয়াশীল পদ্ধতি, জটিল প্রকৃতির পরিবেশগত সমস্যা যাত্রা আমরা রোডেটের ক্ষেত্রে সদ্যুদীন হয়ে থাকি। এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের আর্থসামাজিক অবস্থা ও অসম রাজনৈতিক এবং সাংস্কৃতিক পদ্ধতিরও একই রকম জটিল সমস্যা বিদ্যমান।

চক্র প্রকৃতিটি শিক্ষণ পদ্ধতির হওয়া সত্ত্বেও আমরা বিশ্বাস করি যে, রোডেট সমস্যা অনুসন্ধানের ক্ষেত্রে সুনির্দিষ্ট পৃথক উপকারী তিনটি ধাপ আছে। এ ধাপগুলো নিচে বর্ণনা করা হয়েছে যা দীর্ঘমেয়াদী রোডেট ব্যবস্থাপনা অধ্যয়ন অথবা যে কোন অঞ্চলের বর্তমান জ্ঞান যাচাইয়ের সহায়ক হবে। বর্তমানে আমরা তিনটি ধাপের কোণায় অবস্থান করছি তা জেনে নিতে হবে ?

### ধাপ-১: সমস্যার সংজ্ঞা (Problem definition)

যদিও যাকে মাকে মার্টশস্য এবং ওদামজাত খাদ্যশস্যের ব্যাপক ক্ষতিগ্রস্ততা রোডেটকে দায়ী করা হয়। কিন্তু শস্য ক্ষতির অথবা অন্যান্য অর্থনৈতিক অথবা সামাজিক প্রভাবের ঠিক তথ্য পাওয়া যায়। রোডেট নিয়ন্ত্রণ কার্যক্রমগুলো ব্যবস্থাপনা এবং সমস্যা প্রয়োজন হয়। এজন্য, যে কোন দমন কার্যক্রম গ্রহণের পূর্বে সমস্যার যাত্রা সংজ্ঞায়িত করে নেওয়াই হলো উত্তম ধারণা। সাধারণত নিচের ধাপগুলো এর সাথে জড়িত :-

- \* সমস্যার আসল কারণ রোডেট তা নির্দিষ্ট করা,
- \* জড়িত রোডেট প্রজাতি সনাক্তকরণ।
- \* মার্টশস্য এবং ওদামজাত খাদ্যশস্যের ক্ষতির পরিমাণ মিত্রপন করা।

প্রথম প্রধান রোডেট প্রজাতির সনাক্তকরণ সমস্যা সংজ্ঞায়নের ক্ষেত্রে উপকারী দিক যা গবেষণা পূর্বের পরিবেশগত গবেষণার ফলাফল এবং শিক্ষণ, একই প্রকৃতির ক্ষেত্রে প্রয়োগ করতে পারবে। উদাহরণস্বরূপ গবেষণার ফলাফল হল প্রধান মেথো ইদুর মার্ট মসলের ক্ষতিকর পেশা। কোন এলাকার মার্ট মসলে এদের আক্রমণ দেখা দিলে সাথে সাথে একই রকম ব্যবস্থা গ্রহণের জন্য মাইক্রোবিদের সতর্ক করে দেয়া যাবে। এরা যে কোন পরিবেশে অধিক খাল-স্বাওয়ানো প্রজাতি। তাই স্থানীয় সকল এলাকা এমনকি মানুষের বাসস্থানের চারিপাশে দমন ব্যবস্থা প্রয়োগ করতে হবে।

সমস্যা সংজ্ঞার ধাপকে প্রশ্নবোধক সংজ্ঞার ধাপ বলা হয়। এ সময়ে আমরা রোডেট প্রজাতির সংখ্যা, কার্যকলাপ এবং শস্য, ওদামজাত খাদ্য ও বাস্তু স্থিতির পরিমাণ এবং প্রভাবিত করণের প্রকার বিশদভাবে সনাক্তকরণের চেষ্টা করতে হবে। এক্ষেত্রে বিবেচ্য প্রশ্নগুলো হলো, ইহা কি স্থানীয় সমস্যার অংশ অথবা বৃহৎ এলাকা জুড়ে ? প্রতিবছর রোডেট পর্যাপ্ত পরিমাণে ক্ষতি করে কিনা (সীমিত ক্ষতি সমস্যা)? অথবা কোন কোন বছর ক্ষয়ক্ষতির পরিমাণ অন্যান্য বছরের চেয়ে বেশি হয়েছে কিনা (সীমিত সমস্যা)? শস্যের বেশি ক্ষতির সময় রোডেটের সংখ্যা বেড়েছিল কিনা অথবা তাদের কার্যকলাপ পরিবর্তনের কারণে হয়েছে কি না? যদি পূর্বাভাষিত বছরের ঠিক সময় মার্ট দ্রুত বংশ বিস্তারের কারণে পপুলেশন বেড়ে গিয়েছিল কিনা অথবা অন্য নিবাস (habitats) হতে ইদুরের আগমন ঘটেছিল কিনা ? এ ধরনের বিষয়গুলো পরিবেশসম্মতভাবে ইদুর ব্যবস্থাপনার পরিকল্পনা এবং বাস্তবায়নের প্রধান মূলমন্ত্র। উদ্দেশ্য হলো, পরিবেশগত পদ্ধতির পরিবর্তনের মাধ্যমে রোডেটের সুযোগ-সুবিধা কমানো এবং মানুষের জীবন যাত্রার মান-উন্নয়ন দীর্ঘমেয়াদে।

অন্যান্য গুরুত্বপূর্ণ সংশ্লিষ্ট প্রশ্ন হলো - রোডেট সমস্যার নির্দিষ্ট অঞ্চলের ইতিহাস। রোডেট এলাকার শস্য সর্বদা ক্ষতি করেছে কি না অথবা বর্তমান বছরে তাদের প্রভাব বেড়েছে কি না? ভূমির ব্যবহারগত কি পরিবর্তন হয়েছে অথবা একই সময়ে শস্য পদ্ধতির কি পরিবর্তন ঘটেছে ?

কৃষি বাহারের অনেক প্রশ্নের ভিত্তি হলো- স্থানীয় জ্ঞান। যদিও অনেক তথ্য, প্রতিবেদন অথবা অন্যান্য নথিভুক্ত উৎস হতে পাওয়া যেতে পারে। মূল্যবান ও প্রত্যক্ষ তথ্যের উৎস এবং সমস্যার গভীরতা অবশ্যই কৃষক সম্প্রদায়ের নিকট হতে আসবে। শস্য পদ্ধতি ব্যবহারের মাধ্যমে এ মূল্যবান তথ্য সংগৃহীত করা যেতে পারে। কৃষকের অংশগ্রহণমূলক গবেষণার মাধ্যমে অনেক তথ্য সংগ্রহ করে যাচ্ছেন (অধ্যায় ১০ পৃষ্ঠা)।



## ধাপ-২ঃ পরিবেশগত এবং ঐতিহাসিকগত সমীক্ষাসমূহ (Ecological and historical Studies)

এ ধাপে আমরা নির্দিষ্ট প্রশ্নের উত্তর অথবা নির্দিষ্ট প্রকল্পের পরীক্ষার ফলাফল যা ধাপ-১ এর সময় সনাক্ত করা হয়েছে। অনেক কারণ যেমন- পপুলেশনের আকার পরিবর্তন, সময় ও শ্রমজনন কার্যকারিতার স্থান, ব্যবহারশীল বাসস্থানের নমুনা, আবাসস্থান পরিবর্তন, সময় এবং শস্য পদ্ধতি এবং বাসস্থান এলাকায় ফরফতির ধরনের উপর ভিত্তি করে মৌলিক পরিবেশগত লবেষণ করা হয়।

ইকোলজিক্যাল গবেষণার একটি গুরুত্বপূর্ণ অংশ যার মাধ্যমে উপযুক্ত স্থান (spatial) এবং পার্শ্বিক (temporal) স্কেল সমীক্ষার (Study) জন্য নেওয়ার সিদ্ধান্ত হয় (অধ্যায় ২ প্রটোকল)। কত বড় এলাকায় সমীক্ষা (Study) করা প্রয়োজন এবং কত সময় ধরে এ সমীক্ষা (Study) কার্যক্রম চালানো প্রয়োজন হবে? এ সকল গুরুত্বপূর্ণ নির্দিষ্ট প্রশ্ন দ্বারা পরিবেশ সম্বন্ধতাবে রোডেন্ট ব্যবস্থাপনার জন্য প্রাথমিক উদ্দেশ্য বাছাই করা যায়। কারণ রোডেন্ট ব্যবস্থাপনার ক্ষেত্রে সাধারণত যেসি এলাকাগুলোে কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়ন করা হলে অধিক ফলপ্রসূ হয়।

যে কোন পরিবেশসম্বন্ধ সমীক্ষার পূর্বে ন্যূনতমতভাবেই একই প্রজাতি অথবা শস্যপদ্ধতির পূর্ববর্তী সমীক্ষা হতে যতটা সম্ভব শিক্ষা গ্রহণ করতে হবে। প্রধান প্রধান বাংলাই প্রজাতি সম্পর্কে অধ্যায় ১১তে সংক্ষিপ্তরূপে তথ্য প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট তথ্যাদি প্রত্যেকটি প্রজাতির বর্ণনার উল্লেখ করা হয়েছে। যে কোন প্রজাতি সম্পর্কে প্রাথমিক তথ্য পূর্বের গবেষণার (যেমন- লড়াইকারী সংখ্যা, পছন্দনীয় বাসস্থানের অবস্থান) সেরা আছে; একই রকম প্রজাতির ক্ষেত্রে শুধুমাত্র অল্প মৌলিক ব্যালেন্সিং, স্থানীয় পপুলেশনের ক্ষেত্রে সমীক্ষা করে নেই যথেষ্ট হবে। এ পুস্তকে পরিবেশসম্বন্ধ সমীক্ষার প্রয়োজনীয় অনেক রকম মৌলিক খাঠ কলেক্টেশনের তথ্য উল্লেখ করা হয়েছে।

ঐতিহাসিক প্রশ্নের ক্ষেত্রে, লিখিত ট্রেন্স হতে তথ্য সংগ্রহ করতে হবে। উদাহরণস্বরূপ-শস্য উৎপাদন অথবা বাংলাই সমন্বয় কৃষি-নথিতে পাওয়া যাবে। অনেক দেশে বহু বছর ধরে বিস্তারিত ও ব্যাপকভাবে এসব রেকর্ড সংরক্ষণ করা হয়। এগুলো হতে রোডেন্ট সমস্যার অন্যান্য গুরুত্বপূর্ণ ইতিহাস সংগ্রহ করা সম্ভব হয়। আবার অনেক এলাকায় এসব তথ্য নথিভুক্ত বা সংরক্ষণ করা হয় না। এসব ক্ষেত্রে রোডেন্ট সমস্যার ইতিহাস কৃষক এবং সম্প্রদায় কর্মীদের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে সংগ্রহ করা যেতে পারে। তথা একত্রীকরণের সময় আমরা প্রশ্নের মাধ্যমে শস্য পদ্ধতি ও রোডেন্ট ব্যবস্থাপনা পদ্ধতি (যেমন- বাবদন্ত বিধ) এবং গ্রামসমূহের অবস্থানের ঐতিহাসিক পরিবর্তনের একটি সার্বিক চিত্র তৈরির পরই এ চিত্র হতে কতগুলো প্রধান বিষয় চিহ্নিত করা সম্ভব হবে যা রোডেন্ট সমস্যার গঠারে গিয়ে সমাধানের উপায় পেতে সহায়ক হবে।

## ধাপ: ৩ ব্যবস্থাপনা মনোনয়নের নকশা এবং পরীক্ষা (Designing and testing management options)

রোডেন্ট (ইঁদুর জাতীয় প্রাণী) বাগাইয়ের যে কোন কৃষি-পরিবেশ ব্যবস্থাপনা উন্নয়নের উপায়গুলো উন্নত পরিবেশসম্বন্ধ জ্ঞানের ভিত্তিতে গ্রহণ করতে হবে। ব্যবস্থাপনা মনোনয়নের মূল নকশা তৈরীর ক্ষেত্রে এ জ্ঞান যথেষ্ট লাভ হতে পারে। অন্যতম প্রয়োজনীয় উপাদানগুলোর মধ্যে মানবীর উপাদান (human factor) বিষয়টি বুঝতে হবে।

মানবীর উপাদান (human factor) বহু আকারের হয়ে থাকে যেমন রোডেন্ট সম্পর্কে নানা রকম সাংস্কৃতিক বিশ্বাস, প্রশস্ত পরিবেশ, বহুরকম সামাজিক সংস্থা যা মানুষকে একত্রে নির্দিষ্টভাবে কাজ করার সমর্থকে প্রভাবিত করে এবং জটিল অর্থনৈতিক বিবেচনার স্থানীয় অগ্রাধিকার ভিত্তিতে স্বার্থ এবং শ্রমিকের বন্টন হয়। এ সব বিষয়ে নানা রকম মানদণ্ড (scale) দ্বারা বর্ণিত হতে পারে, যেমন একই সম্প্রদায়ের সদস্যের মধ্যে ব্যক্তিগত এবং কাঠামোগত পার্থক্য শিক্ষা ও সম্পদের ভিত্তিতে নিরূপণ করা হয়ে থাকে। রোডেন্ট ব্যবস্থাপনা মনোনয়ন নকশার ক্ষেত্রে পরিবেশসম্বন্ধ, সাংস্কৃতিক, সামাজিক এবং অর্থনৈতিক সহ জটিল পারস্পরিক ক্রিয়াসমূহ সতর্কতার সহিত বিবেচনা করা প্রয়োজন হয়। বিশেষ করে, কৃষি সম্প্রদায়ের ক্ষুদ্র চাষীরা, যারা প্রত্যেকেই নিজেদের সিদ্ধান্ত দিয়ে থাকে এবং বৃহৎপরিমদের সম্মিলিতভাবে কাজ করার ধারণা সম্পর্কে কম অবগত রয়েছে। একেই টেকসই বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ পাশ্বে এমনই সম্পূর্ণভাবে রোডেন্ট বাংলাই সমূলে উচ্ছেদ করা সম্ভব নয় (ছোট খাঁপ ব্যতীত)। ব্যবস্থাপনা কার্যক্রম অব্যবহার, এমনকি সন্ত সময়ের বিরতির (gap) জন্য হলেও রোডেন্টের পপুলেশন দ্রুত পুনরুত্থান এবং এ সংশ্লিষ্ট সমস্যা নৈবা দিতে পারে। কার্যকারীভাবে রোডেন্ট পেস্ট ব্যবস্থাপনার জন্য প্রয়োজন ওলসাধারণের অঙ্গীকার এবং সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা।

প্রত্যেকভাবে ব্যবস্থাপনা মনোনয়নের জন্য, যে কোন স্থানের প্রকল্পের নকশা এবং বাস্তবায়নের সকল স্তরে অংশগ্রহণ পদ্ধতি অনুসরণ করাই মুক্তিযুক্ত। ব্যবস্থাপনা কারীগণ খনিষ্ঠভাবে জনসাধারণের সাথে একত্রে কাজ করার ফলে কাজটি উপদায়ক হবে। ব্যবস্থাপনা দীর্ঘস্থায়ী হবে। বস্তু আমবা কিছু ব্যবস্থাপনা মনোনয়ন সনাক্ত করবো জাহা বেন পরিবেশনমত, সংক্ৰান্তিত পীকৃত এবং সামাজিক ও অর্থনৈতিক উত্তরকেয়েই টেকসই হয়, তখন আমবা সরজমিনে পরবর্তী পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে/ করিয়ে কার্যকারিতার ফলাফল কিভাবে বিশ্বের জন্য উপযোগী তা পর্যবেক্ষণ করতে পারবো। অনেক ক্ষেত্রে এদের উপযোগিতা (utility) নির্ধারণের মাধ্যমে যাচাই করতে হবে যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে এদের ভাষ্যগণিক অর্থনৈতিক উপকারিতা, সামাজিক প্রয়োগ এবং পরিবেশে জীর্ঘমেয়াদী প্রভাব ইত্যাদি। এদের অনেকগুলো নির্ণায়ক (parameter) পরিমাপ করতে অসুবিধা হয়। এক্ষেত্রে জনসাধারণের পরামর্শ গ্রহণ করার মাধ্যমে কোন ব্যবস্থাপনা কৌশলটি দীর্ঘমেয়াদী এবং উপযোগী হবে তা নির্ধারণ করতে হবে।

এসব জটিল পরিস্থিতিতে আমরা ব্যবস্থাপনা মনোনয়ন যাচাইয়ের জন্য পরীক্ষা চালাইতে পারি। মাঠ অথবা গ্রাম পর্যায়ে পরীক্ষণের ফলাফল, পরীক্ষণ নকশার নীতি অনুসারে বাস্তব ফলাফল প্রদর্শনে ব্যর্থ হতে পারে। আমরা বলতে পারি 'না' যে, পরীক্ষণ কৌশল পদ্ধতি ভাল ব্যবস্থাপনা মনোনয়নে স্বাভাবিকভাবে নিষ্ফল্য দিতে পারবে। ভাল পরীক্ষণ নকশা গবেষকদের অথবা ম্যানেজারদের ব্যবস্থাপনা মনোনয়নে ব্যর্থতা নির্ণয়ে সহায়ক হয় এবং প্রদর্শন (trial) অথবা পরীক্ষণের নতুন নকশা নিয়মসূচীকী তৈরী করতে পারবে। এভাবেই শিক্ষাও চলতে থাকবে।

### এই পুস্তকের উদ্দেশ্য এবং পরিধি (Purpose and scope of this book)

আমরা এ পুস্তকটি লিখেছি এশিয়া অথবা প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে যে কেউ ইদুর জাতীয় প্রাণীর উপর মাঠ সমীক্ষা করতে ইচ্ছুক হলে তাঁদের কাজের সহায়ক হিসেবে। আমাদের প্রধান উদ্দেশ্য হলো - এ অঞ্চলের পল্লী মানুষের জীবন-সাম্রাজ্য মানের উপর রোডেন্ট বালাই সমূহের প্রভাব কমানো। আমাদের মতামত, এ পুস্তক হতে অধিকাংশ কৃষি বৈজ্ঞানিক, সম্প্রসারণ কর্মী এবং ছাত্র-ছাত্রীরা যারা ব্যবস্থাপনা প্রকল্পের সহিত জড়িত আছেন তারা উপকৃত হবেন। রোডেন্ট বালাই এর সমীক্ষার জন্য উপযুক্ত পদ্ধতির ওপর আলোকপাত করেছি, যাদের কারণে দস্যের ব্যাপক ক্ষতি হয়ে থাকে। কখনই একই পদ্ধতি বা কল-কৌশল বনের ইদুর জাতীয় প্রাণীর সমীক্ষার জন্য সমভাবে কার্যকর হবে না (অন্যান্য অল্প বাপখায়ানো কিছু গুল্মপাণ্ডী প্রাণী) এবং বিভিন্ন ভূ-তাত্ত্বিক অঞ্চলেও সমানভাবে কার্যকর হবে না।

আমরা মতটা সম্ভব ইকোলজিক্যাল এবং অ্যান্টিমিক্যাল পরিমাপিক শব্দ পরিহার করার চেষ্টা করেছি। এ পুস্তকের শেষে পরিভাষার অন্তর্ধানে টেকনিক্যাল শব্দের ব্যবহার বর্ণনা করা হয়েছে। পুস্তকের ভিতরে রোডেন্ট বালাই এর সাধারণ নামের পরিবর্তে বৈজ্ঞানিক নাম ব্যবহার করা হয়েছে। ব্যবহারের কারণে চতুর্থ অধ্যায়ে ব্যাখ্যা করা হয়েছে। সকলকে তাঁদের এপাকার প্রধান বালাই প্রজাতির বৈজ্ঞানিক নাম জানার জন্য আহ্বান করছি।

অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ইন্দোনেশিয়া, পাকিস্তান এবং সিয়েরা-লিওনে রোডেন্ট বালাই সমীক্ষায় যে সকল পদ্ধতির কার্যকর ফলাফল পাওয়া গেছে সেই সব পদ্ধতি এ পুস্তকে বর্ণনা করা হয়েছে। এ পুস্তকে আমাদের জানা মতে পালাক্রমে একাধিক পদ্ধতি বর্ণনা করা হয়েছে। আমাদের বিশ্বাস এ পুস্তকে বর্ণিত সুপারিশকৃত পদ্ধতি অন্যান্য সমীক্ষায় ব্যবহারে উপকৃত এবং বিনিয়াদি হিসেবে বিবেচিত হবে। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে দ্রুত বর্ধমানশীল রোডেন্ট বালাই এর সাধারণত ব্যবহারকৃত পদ্ধতির ইকোলজিক্যাল তথ্য অধিক সহায়ক হবে। আশা করি, নতুন পরামর্শ এলাকার ক্ষেত্রে এ বিনিয়াদি ইকোলজিক্যাল তথ্য অনেক চাহিদা পূরণে সহায়ক হবে। ইকোলজিক্যাল রোডেন্ট ব্যবস্থাপনার সাথে জড়িতরা অন্যান্যদের অভিজ্ঞতা হতে শিক্ষা ও জ্ঞান অর্জনে সহায়ক হবে। এ দ্রুত পরিবর্তনশীল ক্ষেত্রের জন্য প্রয়োজন অধিক তথ্য, অজিজ্ঞতা এবং ধারণার (idea) মুক্ত বিনিময়ের ব্যবস্থা করা।

## Further reading

Buckle, A.P. and Smith, R.H. 1994. Rodent pests and their control. Cambridge, UK, Cambridge University Press, 405p

Dickman, C.R. 1999 Rodent-ecosystem relationships: a review. In: Singleton, G.R., Hinds, L.A., Leirs, H. and Zhang, Z., ed., Ecologically-based management of rodent pests. ACIAR Monograph No.59, Canberra, Australian Centre for International Agricultural Research 113-133.

Macdonald, D. 2001 The new encyclopaedia of mammals, 2<sup>nd</sup> edition. Oxford, UK, Andromeda, 961p

Narayan-Parker, D. 1997. Toward participatory research. World Bank Technical Paper No.307 Washington DC, World Bank, 265p

Okali, C., Sunberg, J. and Farrington, J. 1994. Farmer participatory research: rhetoric and reality. London, Intermediate Technology on behalf of the Overseas Development Institute 159p.

Singleton, G.R. 2003 Rodent impacts on rice production in Asia. IRRI Occasional Paper No.45. International Rice Research Institute, Los Banos, Philippines, International Rice Research Institute, 30p.

Singleton, G.R., Brown, P.R., Jacob, J., Apim, K. and Sudarmaji 2003. Unwanted and unintended effects of culling. In: Harris, S. and Lavigne, D., ed., Culling of mammals. Cambridge, UK, Cambridge University Press (in press)

Singleton, G.R., Hinds, L.A., Krebs, C.I. and Spratt, D.M. (ed) 2003. Rats, mice and people: rodent biology and management. ACIAR Monograph No.96, Canberra, Australian Center for International Agricultural Research, 564p

Singleton, G.R., Hinds, L.A., Leirs, H. and Zhang, Z., (ed) 1999. Ecologically-based management of rodent pests. ACIAR Monograph No.59, Canberra, Australian Center for International Agricultural Research, 494p

Stenseth, N.C., Leirs, H., Skonhoff, A., Davis, S.A., Pech, R.P., Andreassen, H.P., Singleton, G.R., Lima, M., Machang'u, R.S., Makundi, R.H., Zhang, Z., Brown, P.R., Shi, D. and Wan, X. 2003. Mice, rats and people: the bio-economics of agricultural rodent pests. Frontiers in Ecology and the Environment, 1(7), 367-375.





## দ্বিতীয় অধ্যায়

# মাঠ সমীক্ষাসমূহের নকশা (Design of field studies)

### ভূমিকা (Introduction)

রোডেন্টস সম্পর্কে মাঠ পরবেশে অত্যন্ত সন্ধানজনক, কিন্তু অধিক সময় দিতে হয় অনেক প্রজাতি ধরা খুবই কঠিন এবং যে কোন নমুনার (pattern) সাধারণ ধারণা পাওয়ার জন্য আনুমানিককাল ধরে বহু সংখ্যক ফাঁদ পাড়ার (trap set-up) প্রয়োজন হয়। পরিবেশগত উপাত্ত যেমন- রোডেন্ট ধরা শস্যের ক্ষয়ক্ষতি অতি সহজেই নিরূপণ করা যায়; কিন্তু মাঠের কাজ এবং বেশি এলাকার উপাত্ত বিশ্লেষণের জন্য অনেক সময়ের প্রয়োজন। যে কোন মাঠ কার্যক্রম আরম্ভ করার পূর্বে আমাদের নিশ্চিত হওয়া প্রয়োজন যে, কাজ ও সু সঠিক এবং সর্বাঙ্গিকভাবে করা চলবে না। আমাদের কার্যক্রম ভাল পরীক্ষণ নকশায় কাঠামোতে ফেলতে হবে। হাঁদুর জাতীয় প্রাণীর উপর মাঠ সমীক্ষার ইকোলজিক্যাল পরীক্ষণ নকশার সাধারণ কয়েকটি নীতির ব্যাখ্যা এবং উপস্থাপন করা হইল এ অধ্যায়ের লক্ষ্য (aim)।

### পরীক্ষণ নকশার সাধারণ নীতিসমূহ (General principles of experimental design)

পরীক্ষণ নকশা (experimental design) শব্দটিকে একটি যুক্তিসংগত পরীক্ষণের কাঠামো (structure) হিসেবে বর্ণনা করা হয়েছে। পরীক্ষণ হলো প্রকল্প (hypothesis) যাচাইয়ের একটি পদক্ষেপ এ দ্বারা মাঠ অথবা ল্যাবরেটরীতে এক বা একাধিক পর্যবেক্ষণের ব্যাখ্যা প্রদান করা হয়। রোডেন্ট ইকোলজিস্টগণ আদর্শগতভাবে নানা রকম অনেক পর্যবেক্ষণ তৈরী করেন। তাই বিভিন্ন রকম প্রকল্পের (hypothesis) কাঠামো তৈরী করেন। এ অধ্যায়ে আমরা ২টি প্রকল্পের ব্যবহারিত প্রধান প্রধান বিবেচ্য বিষয়গুলো তুলে ধরেছি। সেগুলো হলো।

- \* প্রকল্প-১: ধান-মাঠ হাঁদুর (rice-field rats) আধিক্য (abundant) হয় যদি মাঠের কাছাকাছি আবর্জনা বসবাসের স্থান পায়, যেমন বৃক্ষ খাল।
- \* প্রকল্প-২: ধান খেতে লক্ষী প্যাঁচার নীড় বাগ্ন (barn owl nest boxes) স্থাপন করা হলে হাঁদুরের ক্ষতির পরিমাণ কম হবে।

এই উদাহরণে ২টি বড় রকম পরীক্ষণের ব্যাখ্যা করা হলো যথ-পরিমাপগত (Mensurative) এবং দক্ষতাগত (Manipulative)।

#### \* পরিমাপগত পরীক্ষণসমূহ (Mensurative experiments)

রোডেন্টস এবং তাদের নিবাসের কিছু পরিমাপক তৈরিতে পরিমাপগত পরীক্ষণসমূহ জড়িত। ইকোলজিস্টগণ রোডেন্টের বিরুদ্ধে সূনির্দিষ্ট কোন ব্যবস্থা প্রয়োগ করেন না; কিন্তু বর্তমানে কী ঘটছে তা বর্তমান অবস্থার আলোকে পরিমাপ করে থাকেন। উদাহরণ: প্রকল্প (hypothesis) যাচাই-১ এ আমরা খালের নিকটবর্তী মাঠ এবং খালের অধিক দূরত্বে অবস্থিত মাঠের হাঁদুরের আধিক্য পরিমাপ করতে পারবো।

#### \* দক্ষতাগত পরীক্ষণসমূহ (Manipulative experiments)

দক্ষতাগত পরীক্ষণে রোডেন্টস বিরুদ্ধে সরাসরি কতগুলো ব্যবস্থা গ্রহণ অথবা যে কোনভাবে তাদের বাসস্থান (habitat) উন্নতকরণ করা হয়। কমপক্ষে ২ ছোড়া প্রট বা ম্যানিপুলেশনের প্রয়োজন হয়। উদাহরণ: প্রকল্প (hypothesis) -২ যাচাই এর জন্য ব্যবহারিত (treat) চারটি মাঠ নীড় বাগ্ন স্থাপন কর এবং একই রকম ৪টি মাঠে লক্ষী প্যাঁচার নীড় বাগ্ন স্থাপন হ্যাঁচাই (কন্ট্রোল হিসেবে) রেখে দিতে হবে। উভয় প্রকার পরীক্ষণের অনেক গুণাগুণ নকশার প্রয়োজনীয় চাহিদা পূরণ করতে পারবে। এদের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণগুলো হলো :-

- \* পর্যবেক্ষণের অধীনে প্রধান (key) উপনীয়ক (factors) সনাক্তকরণ।
- \* পরীক্ষণে ব্যবহারিত এককের উপযুক্ত আকার এবং সময়কাল।
- \* স্তিষ্ট লাইন (baseline) অথবা কন্ট্রোল দ্বারা দৈব (random) ছাড়া ইভেন্টকে দৈব (random) হতে পূর্বে করণ।
- \* রোপিকেশন সমস্বীয় সংযুক্ততা এবং পরীক্ষণের ত্রুটি (error) পরিমাপ করা।
- \* দৈবায়িতকরণ (randomisation) এবং বিক্ষিপ্তকরণে (interspersion) পক্ষপাতিত্ব এড়ানো।



## প্রকল্প এবং প্রধান গুণনীয়কসমূহ সনাক্তকরণ (Identification of hypotheses and key factors)

একজন মাঠ জীববিজ্ঞানী হিসেবে আপনি নতুন প্রকল্পের (project) প্রথম দিন হতেই পর্যবেক্ষণ আরম্ভ করতে পারেন। এ পর্যবেক্ষণ আপনাকে রোডস্ট এর বিভিন্ন প্রকারের স্থানীয় বাসস্থান, প্রাকৃতিক এবং কৃষি ১৫০ হালের প্রাপ্ততা পরিবর্তনে কীভাবে রোডস্ট পপুলেশনের প্রতিক্রিয়া (response) এবং বিভিন্ন প্রকারিতা কিসে সন্তোষ বাবস্থাপনার প্রতি প্রতিক্রিয়া (response) করে তাই সম্পর্কে ধারণা পাবেন। সকল পর্যবেক্ষণ এবং তাদের সংশ্লিষ্ট ধারণা হতে সারাংশ পাওয়া হবে। নতুন প্রকল্পের (project) প্রাথমিক ভাবে, স্থানীয় পরিবেশে রোডস্টের অবস্থান এবং কৃষিকা সম্পর্কে অনেকগুলোর মধ্য হতে প্রকল্পের সাধারণ ধারণা লিখে নেয়া ভাল। এসব প্রকল্পগুলো হতে অধিক সংখ্যক সুনির্দিষ্ট প্রশ্ন পাওয়া যাবে, যেগুলো পরীক্ষণ নকশারই ভিত্তি হিসেবে কাজ করবে।

বিভিন্ন পর্যবেক্ষণের মধ্যে দিয়ে একটি প্রকল্পকে সহজে পৃথক করা যায়। প্রকল্পের একটি প্রধান পার্থক্য হলো- প্রকল্প কাকে পূর্ণপর্যবেক্ষণ অথবা পরীক্ষার মাধ্যমে যাচাই করা। এ দ্বারা স্বীকৃত ত্রুটি উদ্ভাবন করা সম্ভব হবে। প্রকল্প যাচাই ধারণার সংশোধনের মাধ্যমে নতুন প্রশ্ন হিসেবে নতুন প্রকল্প সংশোধন করা যাবে। এক অথবা একাধিক প্রধান গুণনীয়ক প্রকল্পের শুরুতে স্পষ্টভাবে উদ্ভাষ করতে হবে। দুইটি উদাহরণ ব্যবহার করা হলো :-

**প্রকল্প-১:** খালের নিকটবর্তী মঠসমূহে ইঁদুরের অধিক আধিক্য-খালের দূরত্ব সনাক্ত করে এরূপ প্রধান গুণনীয়ক স্থানীয় যে কোন মাঠে ইঁদুরের আধিক্য নির্ণয় করা যাবে। নিশ্চিতভাবে মাঠ হতে বিভিন্ন স্থানে খালের নান্য দূরত্বে অবস্থানকারী ইঁদুরের সংখ্যা যাচাই করা সম্ভব হবে।

**প্রকল্প-২:** লক্ষী প্যাচ ইঁদুরের ক্ষয়ক্ষতি কমাতে, এখানে লক্ষী প্যাচার উপস্থিতি হলে ধানের মাঠে ইঁদুরের ক্ষতি শিথিলের জন্য সন্তোষমূলক প্রধান গুণনীয়ক।

যদিও এক্ষেত্রে সুনির্দিষ্টভাবে বলা যায় না যে প্যাচার কারণে ইঁদুরের সংখ্যা কমেছে অথবা ইঁদুরের আচরণে পরিবর্তনের কারণে ধানের ক্ষতি কমেছে। এক্ষেত্রে প্যাচার উপস্থিতি অথবা অনুপস্থিতির চেয়ে প্যাচার সংখ্যা অধিক গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। সাধারণত আমরা যদি স্থানীয়ভাবে প্রকল্প তৈরি করতে পারি তবে তা হতে গুণনীয়কগুলোর নকশা পাবে এবং ফলশ্রুতিতে আমরা সন্তোষজনক উত্তর এ শেতে পারি।

## পরীক্ষণ এককসমূহের আকার (Size of experimental units)

পরীক্ষণ এককের ধারণা সকল ইকোলজিক্যাল পরীক্ষণ নকশা বুঝার জন্য জটিলকাল। কারণ এ দ্বারা পরীক্ষার স্কেল নির্ধারিত হয়। পরীক্ষণ একক বলতে পরীক্ষণ উপকরণের ক্ষুদ্রতম বিভাগকে (division) বুঝায় যাহার যে কোন দুইটি পৃথক একক গ্রহণকৃত।


বিভিন্ন ট্রেটমেন্টসমূহের পরীক্ষণ একক সংজ্ঞায়িত করার পূর্বে বায়োমাত্রী সম্পর্কে প্রতি সতর্কভাবে সঠিক ভিত্তি করা প্রয়োজন, যেমন প্যাচার ক্ষেত্রে। যদি আমাদের প্রকল্প ৫ম যে, প্যাচার উপস্থিতি শস্যের ক্ষয়ক্ষতি কমাতে, স্পষ্ট এ ক্ষেত্রে পরীক্ষণ এককে প্রত্যেক প্যাচার শিকার ক্ষুদ্রতম এলাকার চেয়ে ক্ষুদ্রতর হবে না। আবার যদি আমাদের প্রকল্প হয়, প্যাচার অধিক্য শস্যের ক্ষয়ক্ষতির তীব্রতার ওপর প্রভাব রাখে, তখন পরীক্ষণ একক পরীক্ষণের জন্য একটি প্যাচার শিকার এলাকা পরিসরের চেয়ে ক্ষুদ্রতরও হতে পারে। এক্ষেত্রে ধরে নেয়া হবে যে ওভারলেপ হবে এবং আমরা দুইটি স্থানের মধ্যে প্যাচার অধিক্য নির্ণয় করতে পারবো। কৃষির ক্ষয়-ক্ষতি পরীক্ষণের জন্য পরীক্ষণের একক দ্বারা গড় শস্য মাঠ অথবা প্লটের আকার অনেক সময় নির্ণয় করা যাবে।

যদি প্যাচার পরীক্ষণ ম্যানিপুলেটভ হয় বা উদাহরণে নীড় বাজ মাঠে-স্ট্রেট স্থানের সুপারিশ করা কিন্তু সম্ভব নহে। এক্ষেত্রে পরীক্ষণ একক হবে নীড় বাজ স্থান বা প্রশস্ত এলাকা। যদি নীড় বাজ সমনভাবে ১০ হেক্টর এলাকার সমস্ত ধানের মাঠে দেখা হয়, ধান বাতীত অন্য বাসস্থান দ্বারা মেড়া থাকে, তখন পরীক্ষণ একক হবে ১০ হেক্টর এলাকা। আকার যদি ১০ হেক্টর ধানের এলাকা অন্যান্য ধানের মাঠ দ্বারা আচ্ছাদিত থাকে, পরীক্ষণ একক ১০ হেক্টর ছাড়াইবা নীড় বাজ স্থাপনকৃত স্থান পর্যন্ত বর্ধিত হবে। এক্ষেত্রে প্যাচার সংখ্যা বৃদ্ধির বিষয়টি বিবেচ্য হবে না। পরীক্ষণ একক আকারের সিদ্ধান্তের ক্ষেত্রে বিচার বিবেচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং যেখানে সম্ভব, এ বিচার বিবেচনা ভাল জীববিজ্ঞানের জ্ঞানের আলোকে মেগরা উচ্চ অথবা বায়োমাত্রীকরণ ওমেগা ওমেগা গুণনীয়ক প্যারামিটারের পরিমাপক বিবেচনা করা যেতে পারে (যেমন প্যাচার কত দূরত্ব পর্যন্ত উড়ে); অনেক ইকোলজিক্যাল পরীক্ষণ ক্ষেত্র পরীক্ষণ এককের জন্য সন্তোষ হয় যাতে বিশেষ করে রোডস্ট বাবস্থাপনা পরীক্ষণের ক্ষেত্রে এক পরীক্ষণ একক পশু সংরক্ষণের পার্থক্য হ্রাসকরণে অন্য ব্যবহার হয়। ইঁদুর প্যাচার মত অনেক সময় খাদ্য এবং সংগীর (mate) সন্ধান আপনাদের পারনাম অনেক বেশি দূরত্ব পর্যন্ত গমন করে থাকে। পরীক্ষণ একক সত্ত্বেও অধিক দূরত্ব হতে পারে এবং স্থান অনেক দূর পর্যন্ত বিস্তৃত হতে পারে। এখানে প্রধান শঙ্কায় যে পরীক্ষণ একক একটি অন্যান্যটির সমান হওয়ার সম্ভাবনা। বৃহৎ অথবা বিস্তৃত স্থানে পরীক্ষণ এককের প্রধান সমস্যা হলো বিভিন্ন প্রকারের মাটি, বিভিন্ন জাতের শস্যপাছ অথবা রোগের সমস্যা। পরীক্ষণে অনির্ভর উৎসের পার্থক্যের ক্ষেত্রে প্রধান গুণনীয়ককে কৃষিকা সনাক্ত করতে হবে।

### পরীক্ষণসমূহের সময়কাল (Duration of experiments)

পরীক্ষণ ক্যালেন্ডারের মধ্যে পরিচালনা করা প্রয়োজন। প্রকল্প-১ বামই-এর ক্ষেত্রে খাল (canal) হতে বিভিন্ন দূরত্বে ইঁদুরের আধিক্য পরিমাপ ১২ মাস ব্যাপী করা উচিত। মৌসুমের সুনির্দিষ্ট সময়ে অধিকাংশ রোডেন্ট পপুলেশনের অধিকের হ্রাস-বৃদ্ধি ঘটে বা অন্যসময়ে হয় না। গ্রাহই ইকোলজিক্যাল গ্রেডেণ্টের সমীক্ষার ক্ষেত্রে একবার পরীক্ষণে ভাল ফলাফল পাওয়া গেলে পরে কিয়ত বাতাবে জা অর্থাৎ নাও হতে পারে।

রোডেন্ট গবেষণায় ব্যবস্থাপনা সমীক্ষায় একটি সুনির্দিষ্ট 'ব্যবস্থাপনের' প্রভাব পরিমাপের জন্য পপুলেশনের গুণগত প্রয়োগের প্রয়োগ চালিয়ে থাকেন। যে কোন পরীক্ষণ আরম্ভ করার পূর্বে সময় নিয়ে চিন্তা করার প্রয়োজনীয়তা কেন্দ্র জা সহজভাবে চিত্র ২.১তে দেখানো হয়েছে। প্রথম, আপনি ধান খামারের একজন ম্যানেজার এবং আপনি পরিমাপের জন্য ইঁদুর প্রকাশ করেছেন যে, যদি দক্ষী প্যাচার নীড় বাজ ধান খামারে বাড়িয়ে দিলে ইঁদুরের আধিক্য কমবে। আপনি যদি একটি মাত্র পরিমাপক বিবেচনা করেন তবে নীড় বাজ প্রকাশের পূর্বে এবং পরে চিত্র ২.১ক পর্যবেক্ষণের তথ্য পেতে পারেন। এ ফলাফল আপনাকে সিদ্ধান্ত পৌছাতে অনুপ্রাণিত করবে যে ব্যবস্থাপনের দ্বারা ইঁদুরের ক্ষতি কমেছে। কিন্তু নীড় বাজ স্থাপনের পূর্বে এবং পরে বেশি সময় ধরে তথ্য গ্রহণ করেন, তখন আপনার পক্ষে শক্তিশালী গ্রহণযোগ্য মতামত দেয়া সম্ভব হবে। চিত্র ২.১ বি-ই এর ব্যাখ্যাতে আপনি দেখতে পারেন যে, ম্যানিপুলেশন কার্যকর নয়, অজ্ঞাত কার্যকর অথবা দীর্ঘস্থায়ী কার্যকর।



চিত্র ২.১ ইকোলজিক্যাল প্রয়োগের দ্বারা পরীক্ষণের নবমীর প্রয়োজনীয়তা কেন্দ্র চিত্রা করতে হবে তারা দেখবে হয়েছে। একটি মতামত পপুলেশন যেমন প্যাচার নীড় বাজ স্থাপনের ৪ এবং ৮ বছরের মধ্যে ভাল লাইন দাবি দেখানো হয়েছে। (ক) নীড় বাজ স্থাপনের পূর্বে ও পরে কয়েকদিনের একটি পর্যবেক্ষণের ফলাফল বিস্তারিত করা প্রদর্শন হয়। (খ) হঠাৎ (ই) চিত্র সন্ধ্যা ওটি ফলাফল ব্যাখ্যা পদনা করা হয়েছে।

### নিয়ন্ত্রণসমূহের অন্তর্ভুক্তি (Inclusion of controls)

সকল বৈজ্ঞানিক পরীক্ষণে নিয়ন্ত্রণের (controls) একটি সাধারণ নিয়ম থাকা প্রয়োজন। বিষয়টি অসম্ভব সহজ যদি নিয়ন্ত্রণ না থাকে তবে পরীক্ষণের কোন বিষয়ে সুনির্দিষ্ট সমাধিসূচক মতামত দেয়া সম্ভব হবে না। ম্যানিপুলেটেড পরীক্ষণের জন্য যেমন প্যাচার পরীক্ষণের ক্ষেত্রে নিয়ন্ত্রণকে পরীক্ষণের একই হিসেবে সংজ্ঞায়িত করা হয় অর্থাৎ কোন ট্রিটমেন্ট (ব্যবস্থাপনা) হ'ল। পরিমাপ কৌশল পরীক্ষণে নিয়ন্ত্রণকে ডিও লাইন (base line) হিসেবে সংজ্ঞায়িত করা হয় যা অন্যান্য অবস্থানের সাথে তুলনার ক্ষেত্রে। খালের পরীক্ষণের ক্ষেত্রে ডিও লাইনের অবস্থান মাত্র হতে এসেছে যা খাল হতে অনেক দূরে অবস্থিত। কারণ খালের উপর ইঁদুরের কোন প্রভাব নেই। পুনরায় শব্দ যাচাইয়ের ক্ষেত্রে প্রয়োজন হয় যে, শব্দ প্রধান গুণনীয়ক হইতে দূরে অবস্থিত ভাড়াই বিবেচনা করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বায়োজিওলজিক্যাল স্যারামিটার হ্রাসে খাল হতে প্রত্যেক ইঁদুরের গ্রহণের হওয়ার দূরত্ব, channel-swelling ইঁদুরের বংশবন্দের এক মৌসুমের মোট দূরত্ব খালের চরপক্ষে বিস্তৃত, খাল হতে অধিক দূরে হলে বাধার কারণে শব্দ উন্নতির কার্যকারিতা থাকবে না যেমন- প্রত্যেকের বিস্তারিত (displacement) মাধ্যমে।





পাঁচের নীড় বাস পরীক্ষণের জন্য নিয়ন্ত্রণ একই রকম টিউমেট বাম্বের পাশে হবে এবং কোন রকম পাঁচের নীড় বাস সংযোজন করার প্রয়োজন হবে না। টিউমেটের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি কার্যকারিতা চিত্র ২.১ ই-তে দেখানো হয়েছে। কিন্তু নিয়ন্ত্রণের ক্ষেত্রে ইদুরের স্তন-ক্ষতির কোন পরিবর্তন দেখা যায় নাই অথবা শুধুমাত্র কোথাও কোথাও পরীক্ষণ সময়ে পরিবর্তন পরিলক্ষিত হয়েছে (চিত্র ২.১নি)। তখন নীড় বাস সংযোজনের যুক্তিগত কারণ ফুলনা করতে পারবেন। এখনও দেখা ফাইতে পারে যে 'টিউমেট' এবং 'কন্ট্রোল' উভয় এলাকার দীর্ঘ মেয়াদী একই রকম পরিবর্তন হতে পারে। এক্ষেত্রে সম্পূর্ণ তিনই গুণনিয়ন্ত্রকের কারণে এ পরিবর্তন হয়েছে। সম্ভবত জলবায়ু অথবা পরিবর্তন অথবা অন্যান্য পরজৈবী প্রাণীর আধিক্যের কারণে এ পরিবর্তন ঘটতে পারে।

যদিও নিয়ন্ত্রণের প্রকৃতি (nature) নির্ভর করবে প্রকল্প বাস্তবায়নের উপর। সাধারণ নীতি হল সমীক্ষণ প্রারম্ভে যে সকল প্রধান উপাদান যাচাই করা হবে তা ছাড়াই "নিয়ন্ত্রণ" এবং "টিউমেট" এর পার্থক্য করতে হবে। উদাহরণ, আপনি যদি বালুর নিকটের দানে ইদুরের ক্ষতি পরিমাপ করেন তবে এক্ষেত্রে খাল হতে দূরত্বকে ব্যবহার করতে হবে পরীক্ষণের একক সেখানে একই জাতের দান, একই সময়ে রোপন করা হয়েছে। ইকোলজিক্যাল মাঠ পরীক্ষণে অনেক সময় দেখা যায় যে, এক বছর হতে অন্যবছর জনসংখ্যায় এবং ইকোসিস্টেমের মধ্যে পরিবর্তন ঘটে সেক্ষেত্রে একইভাবে আপনাদের সমস্ত পরীক্ষণের পরিবর্তন করে আসার হতে হবে। উদাহরণ হিসেবে বলা যায়, আপনি ২০০৩ সনের "নিয়ন্ত্রণ" এবং ২০০৪ সনের "ব্যবস্থাপনা" পরিমাপ করা যাবে না।

### পুনরাবৃত্তি (Replication)

রিপ্লিকেশন বলতে মৌলিক পরীক্ষণের পুনরাবৃত্তিকে বুঝায়। পরীক্ষণের ক্ষেত্রে ২টি কারণে পুনরাবৃত্তি করতে হয়। প্রথমতঃ কোন পরীক্ষণে জনসংখ্যা পুনরাবৃত্তি করতে হবে। দ্বিতীয়তঃ কোন ইচ্ছা করনীয়? পুনরাবৃত্তির প্রধান প্রকৃত্তিপূর্ণ কারণ হলো যে কোন পরীক্ষণের ফল আসন্ন পরিবর্তনের কারণে। পরীক্ষণের পুনরাবৃত্তি আমাদের পরিবর্তন দৈন ফল সঠিক অথবা নন দৈন ফল সূচক করে ১০০ সুযোগ প্রদান করে। পরীক্ষণে যত বেশি পুনরাবৃত্তি এবং একই রকম পর্যবেক্ষণ অথবা একই ফল আসবে, তখন আমাদের প্রকল্পের সঠিক কারণের গণনাসকটি সনাক্ত করা সম্ভব হবে।

পরীক্ষণের দ্বিতীয় পুনরাবৃত্তির কারণ হলো পুনরাবৃত্তি পরীক্ষণের একটি পরিমাপ করে। পরিমাপের এ মৌলিক একক সকল পরিসংখ্যানগত বিশ্লেষণসহ বা পরিসংখ্যানগত তাৎপর্যতা এবং বিশ্বাসের সীমারহিতা গণনা করে। এক কথায় পুনরাবৃত্তি বড়ানো হলো যে কোন ইকোলজিক্যাল পরীক্ষণের ফলাফলের স্থিতিশীলতা বিষয় জ্ঞানার সভাবনা বৃদ্ধি করা য় প্রশস্ত করা।

পুনরাবৃত্তি হলো ইকোলজিক্যাল পরীক্ষণ ছাড়া অপ্রত্যাশিত ঘটনা অনুপ্রবেশের বিরুদ্ধে এক প্রকার বীমা। এরূপ ইকোস্টেম ইকোলজিক্যাল মাঠে উল্লেখের প্রধান একটি 'উৎস' অথবা 'দেগামাল'। তারা অত্যন্ত বিরক্তজনক বন্ধন ফসল কোন একটি পরীক্ষণ এককের উপর আঘাত করে এবং অন্যদের করে না। এরূপ একটি উদাহরণ হলো- আমরা যদি ধারণা করি যে আমাদের সমীক্ষায় ইদুরের সংখ্যা এবং বাল হতে দূরত্ব কাছাকাছি। এখানে তিনটি পুনরাবৃত্তি রয়েছে (যেমন- ৩টি মাঠ বালুর নিকট, বাল হতে তিনটি দূরত্ব)। আমাদের গবেষণার সময় বালুর নিকটের একটি প্রুট হঠাৎ বন্যার পানিতে ডুবে গেছে। বন্যার আক্রমণ অংশ চূড়ান্ত বিশ্লেষণ হতে বাধা দিতে হবে। কিন্তু যে ক্ষেত্রে আমাদের সমীক্ষা পুনরাবৃত্তি রয়েছে, সেক্ষেত্রে অন্য অংশ হতে আমরা অর্ধবছর ফলাফল পেতে পারি।

প্রত্যেক পরীক্ষণে কমপক্ষে একবার ২টি করে পুনরাবৃত্তি দিতে হবে। পরীক্ষণে যখন 'নিয়ন্ত্রক' অথবা 'ভিত্তিকলাইনের' প্রয়োজন দেখা দিবে, সেক্ষেত্রে ইহা পরিষ্কার সে মাঠ পরীক্ষণে কমপক্ষে ২টি টিউমেট এলাকা এবং ২টি নিয়ন্ত্রণ অথবা ভিত্তিকলাইন একক অবশ্যই থাকতে হবে। যাহোক, কমপক্ষে ন্যূনতম ২টি পুনরাবৃত্তি প্রয়োজন এবং ৩টি অথবা তার অধিক পুনরাবৃত্তি করা হলে পরিসংখ্যানগতভাবে গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে। অতিরিক্ত প্রত্যেক পুনরাবৃত্তি পরীক্ষণের পরিসংখ্যানগত শক্তি যোগাবে। কিন্তু প্রত্যেকটি পুনরাবৃত্তির জন্য অতিরিক্ত শ্রম এবং সম্পদ ইত্যাদির প্রয়োজন হবে।

মৌলিক পরীক্ষণ নকশায় কতগুলো পুনরাবৃত্তির দরকার তার সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। ব্যবসায়িক বিবেচনায় উপকারিতা এবং খরচের হিসেবে বলা যায় যে, অতিরিক্ত উপকারিতা হবে পরিসংখ্যানগত শক্তি এবং ফলাফল গ্রহণযোগ্যতার মধ্যে বেড়ে যাবে কিন্তু এ বৃদ্ধি অতিরিক্ত মাঠের কাজ এবং অধিক তথ্য তৈরিকরণ এবং বিশ্লেষণের বিনিয়মে অর্জিত হবে। আপনায় পরীক্ষণে কতগুলো পুনরাবৃত্তি প্রয়োজন হতে সে বিষয়ে পরিসংখ্যানবিদগণ পরামর্শ দিতে পারবেন। কিন্তু তাঁদেরকে তথ্য সংগ্রহের বরচ, উৎসের বিশ্লেষণ এবং ঘটনার সম্ভাব্য বৃদ্ধির (যেমন বন্যা বা অন্যকোনভাবে আপনায় পরীক্ষণে প্রবেশ করতে পারে) বিষয় বিস্তারিত আলোচনা করে জানতে হবে।

## দৈবায়িতকরণ এবং বিক্ষিপ্তকরণ (Randomisation und interspersion)

চলকের (variability) তিনটি প্রধান উৎস যা দ্বারা পরীক্ষণ ফলাফলকে ব্যাখ্যা করতে পারেন (সারণী ২.১)। নিয়ন্ত্রণ এবং পুনরাবৃত্তি ব্যবহারের মাধ্যমে বিশৃঙ্খলার কিছু উৎস কমানো যায়। যা হোক, অন্য ২টি পদ্ধতি অবশিষ্ট রয়েছে তাদেরকে দৈবায়িতকরণ (Randomisation) এবং বিক্ষিপ্তকরণ (Interspersion) বলা হয়।

### দৈবায়িতকরণ (Randomisation)

এক প্রকার দৈবায়িতকরণ যাহা প্রাণীর পশুপালনের মধ্যে হতে আলমতাজবে দৈব-নির্বাচন করা বা বৃহত্তম এলাকায় একই সকল নিবাস হতে মাঠ প্রুট নির্বাচন করা যাবে (যেমন- শস্যের ক্ষতির পরিমাণ পরিমাপের জন্য)। দ্বিতীয় প্রকারের দৈবায়নে দৈব ট্রিটমেন্ট অথবা নিয়ন্ত্রণ শ্রেণীর পরীক্ষণের একককে অন্য বরাদ্দ করা হয়।

দ্বিতীয় প্রকারের দৈবায়ন পরীক্ষণ নকশায় গুরুত্ব সহিত বিবেচনা করা হয়। পরীক্ষণ শ্রেণী বিভাগে অনিচ্ছাকৃত পক্ষ-পাতিত্ব দৈবায়নের মাধ্যমে কমানো যায় যদি কিছু বিঘ্নাতিতিক পদ্ধতি ব্যবহার করে ট্রিটমেন্ট এবং কন্ট্রোল যাচাই করা হয়। দৈবায়ন শ্রেণী ক্ষেত্রে ব্যবস্থাপত্র এবং নিয়ন্ত্রণ এর ক্ষেত্রে অনেক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে পক্ষপাতিত্বে দূর করা বা কমানো যায় দৈবায়িত ব্যবস্থাপত্র এবং নিয়ন্ত্রণ স্বাধীন পর্যবেক্ষণে সহায়তা করে যা একটি পরীক্ষণ এককে ঘটেছে তা অন্য পরীক্ষণের ঘটবে না। বিঘ্ন ত্তিতিক তপ্যের পরিসংখ্যানগত তাম্পর্ষ যাচাইয়ের ক্ষেত্রে ইহা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ অধিকাংশ এরূপ অনেক যাচাই বৈধতা পাবে না যতক্ষণ পর্যন্ত পরীক্ষণের একক স্বাধীন না হবে।

অনেক পরিবেশে দৈবায়ন সম্পন্ন করা সম্ভব হয় না। সমীক্ষার এলাকা দৈব নির্বাচন করা যাবে না যদি সমস্ত জমির এলাকা ইকোলজিক্যাল গননগণার ওপস্থিত না থাকে। এলাকার ভিতরে গোপা জমির মালিকের ধরণ বা প্রবেশই নির্দেশ করে স্থানটি সমীক্ষার অংশ। সাধারণ নিয়ম হলো যেখানে সম্ভব সেখানেই দৈবায়ন করতে হবে। যেখানে ইহা সম্ভব নয়, যেখানে পরিসংখ্যানগত যাচাই সাবধানতার সহিত প্রয়োগ করতে হবে।

সারণী ২.১ ইকোলজিক্যাল পরীক্ষণের ত্রুটি কমানোর শর্তসঙ্গত উৎস এবং তাদের ফলাফল বর্ণনা।

ত্রুটির উৎস (Source of error)	একটি পরীক্ষণ নকশায় ত্রুটি কমানো অথবা ত্রুটির সরানো।
পারিষ্ পরিবর্তন (temporal changes)	নিয়ন্ত্রনসহ ট্রিটমেন্ট বা ডিফাইন পরীক্ষণ নকশার 'পূর্বে এবং পরে' করতে হবে।
পরীক্ষকের পক্ষপাতিত্ব	পরীক্ষণ একক হতে ট্রিটমেন্ট পর্যন্ত 'অন্ধ পদ্ধতিতে' দৈবায়িত যাচাই করা।
প্রাথমিক অথবা বাস্তবিক পরীক্ষণ এককসমূহের চলক	ব্যবস্থাপত্র সমূহের পুনরাবৃত্তি ব্যবস্থাপত্র সমূহের বিক্ষিপ্তকরণ

'অন্ধ পদ্ধতিতে' পর্বেরকরণ বিভিন্ন যাচাই সার্থী অথবা স্থান ব্যবস্থাপত্রের দূর অথবা নিয়ন্ত্রণ দলের অংশ কিনা সে দিকতে সমস্যা থাকেন। এতে পরীক্ষণ পদ্ধতির যে কোন সম্ভাব্য পক্ষপাতিত্ব কমে। ধারণক, ইচ্ছা অনুযায়ী সময়বেরেটরী পরীক্ষণ প্রয়োগ করা সম্ভব, যেমন- খাবার যাচাই পরীক্ষণ।

### বিক্ষিপ্তকরণ (Interspersion)

পরীক্ষণ এবং নিয়ন্ত্রণ প্রুট এর স্থানের মধ্যে সম্পর্ক থাকার উচিত। মাঠ পরীক্ষণসমূহের ক্ষেত্রে ইহা একটি জটিল সমস্যা এবং সাধারণ মূলনীতি হলো ট্রিটমেন্ট প্রুটের পুনঃস্থান পৃথককরণ এড়ানো। দৈবায়ন সবসময় পরীক্ষণ এককের স্থান বিক্ষিপ্তকরণ নির্ধিক্ত প্রদান করে না। সকল ব্যবস্থাপত্র চাচ্ছবক হওয়ার সম্ভাবনা থাকবে। অতএব, ব্যবস্থাপত্রের দৈবায়ন করার পূর্বে আপনাকে যাচাই করতে হবে যে দৃষ্টিং দলগত হয় নাই। উদাহরণ- সকল ট্রিটমেন্ট প্রুট উত্তর গ্রামে এবং সকল নিয়ন্ত্রণ প্রুট দক্ষিণ গ্রামে। এ ধরণের পরিকল্পনা কাম্য হওয়া উচিত নয় যদি স্থানের সহিত প্রীতিবদ্ধ কিছু কয়েক প্রকারের পার্থক্য বিদ্যমান থাকে, যেমন- মাটির পুষ্টি উপাদান অথবা আর্দ্রতাব উপাদান। বিক্ষিপ্তকরণ হলো 'ব্যবস্থাপত্র' এবং 'নিয়ন্ত্রণ' স্থানের ভাল মিশ্রণ। স্থান পরীক্ষণ নকশার উদ্দেশ্য হলো পক্ষপাতিত্ব এড়ানো।

## সংক্ষেপ (Summary)

পরীক্ষণ নকশার সাধারণ নীতিকে উপেক্ষা করে দ্রুত গতিতে ইকোলজিক্যাল পরীক্ষণ স্থাপন করা। একটি ভাল পরীক্ষণ নকশা তৈরির প্রথম ধাপ হচ্ছে একটি অথবা একাধিক যাচাইযোগ্য প্রকল্প গণনা করা। প্রত্যেক প্রকল্পের পর্যবেক্ষণের অধীনে প্রধান শক্তিগুণের পরীক্ষণ এককের উপযুক্ত সংজ্ঞা দেয়া উচিত। যে কোন পরিমাপক অথবা ট্রিটমেন্ট প্রটের জন্য ডিজিটাইজড অথবা কন্ট্রোল স্থাপন করা প্রয়োজন।

পরীক্ষণের প্রতিটি পরিমাপ ও পরিসংখ্যানগত তাৎপর্যতা নিরূপণের জন্য পুনরাবৃত্তি স্থাপন করা উয়োজন। পরীক্ষণের একক নমুনা দৈবায়িতভাবে সংগ্রহ করতে হবে। সকল পর্যবেক্ষণ স্বাধীন ও পক্ষপাতবিহীন হবে। পরীক্ষণ ফলাফল পরিবর্তন করতে পারে এমন ইন্টারেক্টিভ প্রভাব কম রাখার জন্য যথাসময়ে ট্রিটমেন্ট এবং নিরন্তনের জায়গা বিকল্পায়ন অবশ্যই করতে হবে। যদি বিকল্পায়ন করা না হলে, পুনরাবৃত্তিও স্বাধীন হবে না এবং পরিসংখ্যানগত বাচাইও বৈধ হবে না।

## পরীক্ষণ নকশার জন্য যাচাই তালিকা (Checklist for experimental desing)

- ১। আপনার প্রকল্প কা ?
- ২। পরীক্ষণ এককসমূহ কি কী ?
- ৩। কি রকমের পরিমাপক অথবা ট্রিটমেন্ট আপনি নিবেন ?
- ৪। উপযুক্ত ডিজিটাইজড অথবা নিয়ন্ত্রণ স্থাপন করেছেন কি ?
- ৫। এ প্রকল্প সমূহের জন্য আপনার কতগুলো পুনরাবৃত্তি প্রয়োজন ?
- ৬। আপনি কী পরিমাপক অথবা ব্যবস্থাপনাসমূহের দৈবচয়ন করেছেন ?
- ৭। পরিমাপক অথবা ব্যবস্থাপন সমূহের পৃথকীকরণ অথবা বিকল্পায়ন করেছেন কী ?

## Further reading

Dutilleul,P.1993. Spatial heterogeneity and the design of ecological field experiments Ecology, 74,1646-1658

Heffner,R.A.,Butler,M.J. and Reilly, C.K 1996. Pseudoreplication revisited Ecology,77,2558-2562

Hurlbert,S.H.1984. Pseudoreplication and the design of ecological field experiments. Ecology Monographs,54.187-211

Rice, W.R. and gaines, S.D.1994. 'Heads I win,tails you lose' : testing directional alternative hypotheses in ecological and Evolutionary research . Trends in Ecology and Evolution , 9, 235 - 237.

Underwood,A.J.1994.On beyond BACI sampling designs that might reliably detect environmental disturbances. Ecological Applications,4.3-15.

Walters,C.J 1993. Dynamic models and large-scale field experiments in environmental impact assessment and management. Australian Journal of Ecology,18 53 62



## তৃতীয় অধ্যায়

# ইঁদুর জাতীয় প্রাণী আটক এবং হস্তগত (Capture and handling of rodents)

### ভূমিকা (Introduction)

ইঁদুর জাতীয় প্রাণীদের মাঠে প্রত্যক্ষ পর্যবেক্ষণ করা সাধারণত কঠিন। অধিকাংশ প্রজাতিসমূহ আচরণে (habit) নিশাচর (nocturnal) এবং এরা মানুষসহ সকল পরভোজী (predators) সম্পর্কে স্বেচ্ছামতায় সতর্ক থাকে। এ অবস্থার পরিস্থিতিতে রোডেন্টের কার্যকলাপের পত্রোৎপাদনসমূহ যেমন- পায়ের ছাপ (footprints), পায়খানা (faeces) অথবা গর্ত (burrows) ইত্যাদির মাধ্যমে এদের সংখ্যা এবং কার্যকারিতার ধরন ভালভাবে পরিমাপ করা যায়। যাহোক, এ ধরনের পদ্ধতির প্রবর্তন করতে প্রথমে প্রয়োজন আধিকার এবং কার্যকলাপ পরিমাপের প্রচলিত পদ্ধতির বিরুদ্ধে মানসিক শক্তি। রোডেন্টের সকল প্রকার মাঠ সমীক্ষায় ফাঁদবসানো (trapping) নমুনা এবং রোডেন্ট সনাক্তকরণ দিয়ে আনন্দ করতে হবে। এ অধ্যায়ে আমরা রোডেন্ট আটক/ধরা (capture) এবং হস্তগতকরণের কিছু মৌলিক পদ্ধতি সম্পর্কে আলোচনা করেছি। অধ্যায়-এ এ আটক রোডেন্ট সনাক্তকরণ পদ্ধতি সম্পর্কে মনোনিবেশ করা হয়েছে। বন্য-প্রাণী আটক এবং হস্তগতকরণে কয়েকটি দেশে সরকারি অধীন রয়েছে, তাই এ বিষয়ে সতর্ক থাকার প্রয়োজন। অনেক ক্ষেত্রে এ আইন প্রবেশকৃত অথবা বাল্যই প্রাণীর বেলায় প্রযোজ্য রয়েছে। যেখানে সমীক্ষার কর্মসূচী গ্রহণ করা হবে, সেই দেশের প্রাণী ধরার আইন অনুধ্বনিত নিতে হবে। কিছু দেশসমূহে জীবন্ত প্রাণীর আটক এবং হস্তগতকরণের অনুমোদিত নীতি সমীক্ষায় অনুসরণ করা প্রয়োজন হয়।

### আটক পদ্ধতিসমূহ (Capture methods)

